ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -১৩/০৪/২০১৭ ।।

হেজামারায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় ৩০৫টি পরিবারে গৃহ তৈরীর উদ্যোগ

মোহনপুর, ১৩ এপ্রিল ।। হেজামারা ব্লক উপদেষ্টা কমিটির সাধারণ সভা গত ১১ এপ্রিল বি এ সি হলে অনুষ্ঠিত হয় । বি এ সি-র চেয়ারম্যান এম ডি সি কুমুদ দেববর্মার সভাপতিত্বে আয়োজিত এই সভায় বিধায়ক প্রণব দেববর্মা, বিভিন্ন ভিলেজ কমিটির চেয়ারম্যানগণ, পশ্চিম জেলার জেলা শাসক কার্যালয়ের সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট ধীরাজ দেববর্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভায় ব্লকের বি ডি ও মানিক চাকমা ব্লক এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির চিত্র তুলে ধরেন । তিনি জানান, ২০১৬-১৭ অর্থবছরে এম জি এন রেগায় ৮৪.৬৬ শ্রমদিবস সৃষ্টি হয়েছে । ২০১৫-১৬ অর্থবছরে ইন্দিরা আবাস যোজনায় ১৪৭টি এবং রাজ্য আবাসন প্রকল্পে ৩৪টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে । ২০১৬-১৭ অর্থবছরে প্রধান মন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) ৩০৫টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হবে । এছাড়া গত অর্থবছরে ১২২৯টি পরিবারকে পারিবারিক শৌচালয় নির্মাণ করে দেওয়া হয় । ১৮৭৪টি পরিত্যক্ত শৌচালয় সংস্কার করা হয়। এ ধরণের আরও ৫৪৬টি শৌচালয় সংস্কারের কাজ চলছে । বি ডি ও জানান, ব্লক এলাকার বিভিন্ন এ ডি সি ভিলেজে কৃষি কাজের সুবিধার্থে ১০০টি ভার্মি কম্পোষ্ট পিট নির্মাণের কাজ চলছে । তুইসামুংকুরুই ভিলেজে ভারত নির্মাণ প্রকল্পে রাজীবগান্ধী সেবা কেন্দ্র নির্মাণের কাজ শেষ হয়েছে । পূর্ব চাঁদপুর ও পূর্ব তমাকারী ভিলেজে এধরণের আরও ২টি সেবা কেন্দ্র নির্মাণের কাজ চলছে। পঞ্চায়েত উন্নয়ন তহবিল এবং সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে বলে বি ডি ও জানিয়েছেন ।

সভায় পূর্ত দপ্তরের আধিকারিক জানান, সোনাই - কল্যাণপুর রাস্তা সম্প্রসারণ সহ ইট সোলিং এবং সুন্দরটিলা থেকে নাগরপাড়া পর্যন্ত ১.৫ কিমিঃ রাস্তা ইট সোলিং এবং রিকার্পেটিং করার কাজ চলছে । বিদ্যুৎ দপ্তরের আধিকারিক জানান, দীনদয়াল উপাধ্যায় গ্রাম জ্যোতি যোজনায় ব্লকের ১৩টি পাড়ায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়। বিদ্যুৎ পরিষেবা সুষ্ঠু ভাবে প্রদানের লক্ষ্যে হেজামারায় ৩৩ কেভি বিদ্যুৎ সাবষ্টেশনকে নতুন ভাবে স্থাপন করা হয়েছে । পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের আধিকারিক জানান, বড়কাঁঠাল ভিলেজের দুগড়াইপাড়া এবং চাঁদপুর ভিলেজের এসরাই পাড়ায় ২টি নতুন ডিপটিউবওয়েল এবং ৬টি ভিলেজ এলাকায় ১ টি করে স্মল বোর ডিপটিউবওয়েল খননের কাজ শেষ হয়েছে । এছাড়া, ১২ কিমিঃ পানীয় জলের পাইপ লাইন সম্প্রসারণ করা হয় । সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিক জানান, ব্লক এলাকার ৪১৫৪ জন সামাজিক সুরক্ষা ভাতা পাচ্ছেন । বিদ্যালয় শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, গত অর্থবছরে নালিজাবাড়ি ও নবীন চৌধুরী পাড়া এস বি স্কুলে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক জানান, এখন পর্যন্ত ব্লক এলাকায় ১টি সাংস্কৃতিক কর্মশালা, ২১টি ভিলেজে এবং ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । এছাড়া, সভায় অন্যান্য দপ্তরের আধিকারিকগণ বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি তুলে ধরেন ।

পদ্মনগরে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

বিশালগড়, ১৩ এপ্রিল ।। বিশালগড় মহকুমা প্রশাসনের উদ্যোগে চড়িলাম ব্লকের পদ্মনগর এ ডি সি ভিলেজের অন্তর্গত পূর্ব পদ্মনগর এস বি স্কুলে গতকাল প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে এলাকাবাসীর সাথে মত বিনিময়ে বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা জাতি-উপজাতির মধ্যে শান্তির পরিবেশ বজায় রেখে গৃহীত উন্নয়নমূলক কর্মসূচির সাথে জনগণকে আরও বেশী করে যুক্ত হবার জন্য বলেন । বিশ্রামগঞ্জ থানার ও সি দুলাল চন্দ্র দত্ত আলোচনায় অংশ নিয়ে কোন ধরণের গুজবে কান না দেওয়ার জন্য এলাকাবাসীর প্রতি আহ্বান জানান । সভায় পদ্মনগর ভিলেজের চেয়ারম্যান অরুণ দেববর্মা, বিশালগড় মহকুমা শাসক নান্টুরঞ্জন দাস, এস ডি পি ও প্রবীর পাল, চড়িলাম ব্লকের বি ডি ও শান্তনু বিকাশ দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । শিবিরে ছাত্রছাত্রীদের মধ্যে প্রাকৃতিক বিপর্যয়ের সময় কিভাবে মোকাবিলা করতে হবে এ বিষয়ে মহড়া প্রদর্শন করা হয় । শিবিরে আবেদনের ভিত্তিতে ২০১ জনকে এস টি, ৫১ জনকে বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেট প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১০১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয় । এছাড়া, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ৪৯টি পরিবারের ৫৩৯টি পশু ও পাখীর রোগ প্রতিরোধক ঔষধ প্রাণী পালকদের দেওয়া হয় ।

প্রাইভেট প্র্যাকটিস ঃ স্বাস্থ্য দপ্তরের বিজ্ঞপ্তি

আগরতলা, ১৩ এপ্রিল ।। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের শর্তাবলী মেনে যেসব চিকিৎসক নন প্র্যাকটিসিং এ্যালাউন্স-এর পরিবর্তে প্রাইভেট প্র্যাকটিস করছেন তাদের নিম্নলিখিত শর্তবলী মেনে চলতে হবে । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কোনও চিকিৎসককে তাঁর চিকিৎসা কেন্দ্রে ও পি ডি চলাকালিন সময়ে কোনও ধরণের প্রাইভেট প্র্যাকটিস করার সুযোগ দেওয়া হবে না । তেমনি কোন ধরণের সরকারী আবাসন, সরকারী প্রতিষ্ঠানে প্রাইভেট প্র্যাকটিস করতে দেওয়া হবে না ।

ব্রজপুরে বৈশাখী মেলা ১৬ এপ্রিল

বিশালগড়, ১৩ এপ্রিল ।। আগামী ১৬ এপ্রিল ব্রজপুর নাট মন্দিরে ব্রজপুর শিববাড়ী উন্নয়ন কমিটির উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় অনুষ্ঠিত হবে বৈশাখী মেলা ও সাংস্কৃতিক সন্ধ্যা । ঐ দিন বিকাল ৪ টায় এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন ব্রজপুর রামকৃষ্ণ শক্তিমঠের মহারাজ স্বামী দেবেশানন্দ মহারাজ । প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা । সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দিন আহমেদ, চড়িলাম পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান পুষ্পরাণী সিনহা, পঞ্চায়েত সমিতির সদস্যা দুর্গা দে দাস, মধ্য ব্রজপুর গ্রাম পঞ্চায়েত প্রধান সীমা দাস, বিশালগড় পুর পরিষদের সদস্য সন্তোষ বিশ্বাস প্রমুখ । সভাপতিত্ব করবেন ব্রজপুর গ্রাম পঞ্চায়েত প্রধান শিখা রাণী বিশ্বাস ।

দুর্গাচৌমুহনী ব্লকে সেলাই প্রশিক্ষণ শিবির সমাপ্ত

আমবাসা, ১৩ এপ্রিল ।। ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা নেহরু যুব কেন্দ্রের ব্যবস্থাপনায় সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে আয়োজিত তিন মাস ব্যাপী সেলাই প্রশিক্ষণ শিবিরের সমাপ্তি অনুষ্ঠান গতকাল দুর্গাচৌমুহনী ব্লকের হলে অনুষ্ঠিত হয় । প্রশিক্ষণ শিবিরে দুর্গাচৌমুহনী ব্লকের বালিগাঁও ও বিলাসছড়া গ্রাম পঞ্চায়েতের ১৪ জন মহিলা ও ১ জন পুরুষ প্রশিক্ষণ নিয়েছেন। এদিন এক অনুষ্ঠানের মধ্য দিয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ১৫ জনকে সেলাই মেশিন সহ শংসাপত্র প্রদান করা হয়। অনুষ্ঠানে বিধায়ক বিজয়লক্ষ্মী সিনহা, কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্য ও ভাইস চেয়ারপার্সন খনা দাস, বালিগাঁও গ্রাম পঞ্চায়েতের প্রধান বীনা শুক্লবৈদ্য, জেলা শাসক বিকাশ সিং প্রমুখ উপস্থিত ছিলেন । স্বাগত ভাষণ দেন জেলা নেহরু যুব কেন্দ্রের কো-অর্ডিনেটর তপন নাগ ।

চড়িলামে ২০৬ জনকে বিভিন্ন সহায়তা

বিশ্রামগঞ্জ, ১৩ এপ্রিল ।। চড়িলাম ব্লকের অন্তর্গত বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েতের ২০৬ জন সুবিধাভোগীকে তাদের আর্থিক অবস্থার উন্নয়নে গতকাল পঞ্চায়েত উন্নয়ন তহবিল থেকে সহায়তা দেওয়া হয়। বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে সুবিধাভোগীদের মধ্যে ১৫ জনকে সেলাই মেশিন, ১৯০ জনকে কোদাল বিতরণ ও ১ জনকে ক্ষুদ্র ব্যবসায় ১০ হাজার টাকার আর্থিক সহায়তা দেওয়া হয়। সহায়তা প্রদানে ব্যয় হয়েছে ১ লক্ষ ৩৬ হাজার ৯০০ টাকা । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি কমলরাণী শীল, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দিলীপ রায়, বি ডি ও শান্তনু বিকাশ দাস প্রমুখ । সভাপতিত্ব করেন বিশ্রামগঞ্জ গ্রাম পঞ্চায়েতের প্রধান সমীর রঞ্জন দত্ত ।

সাব্রুমে প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য এসকর্ট ভাতা

সাব্রুম, ১৩ এপ্রিল ।। সর্বশিক্ষা অভিযান কর্মসূচিতে সাব্রুম মহকুমার ২৮ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীর জন্য এসকর্ট ভাতা প্রদান করা হচ্ছে। প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীকে যে ব্যক্তি স্কুলে নিয়ে আসবেন এবং স্কুল ছুটির পর বাড়ি পৌঁছে দিয়ে আসবেন তাকে এই ভাতা দেওয়া হচ্ছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে পোয়াংবাড়ি ব্লকের ৫ জন, সাতচাঁদ ব্লকের ১৩ জন, রূপাইছড়ি ব্লকের ৭ জন এবং সাব্রুম নগর পঞ্চায়েতের ৩ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী রয়েছে । এরফলে মহকুমার ২৮টি বিদ্যালয়ের ২৮ জন প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী উপকৃত হচ্ছে। সাব্রুম মহকুমা বিদ্যালয় পরিদর্শক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি ঃ সভা অনুষ্ঠিত

আগরতলা, ১২ এপ্রিল ।। পশ্চিম জেলার জেলা শাসক কার্যালয়ের সভাগৃহে গতকাল জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির বিষয়ে জেলা ভিত্তিক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সদর মহকুমা শাসক ড. সমিত রায় চৌধুরী, মোহনপুর মহকুমা শাসক জয়ন্ত দেববর্মা, আরক্ষা প্রশাসনের পরিদর্শক অশোক পাল, ডাঃ কেশব চক্রবর্তী ছাড়াও শিক্ষা, শ্রম, স্বাস্থ্য, বিক্রয়কর দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন মহাবিদ্যালয়ের অধ্যাপক, অধ্যাপিকাগণ ও স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । আলোচনার সূচনা করে পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ গৌতম দেবনাথ জানান, পশ্চিম জেলায় তামাক বিধি নিয়ন্ত্রণ বিষয়ে গত বছরের ১ এপ্রিল থেকে ২০১৬-১৭ অর্থবছরের মার্চ পর্যন্ত ৮১টি বিদ্যালয়ে সচেতনতামূলক শিবির সংগঠিত করা হয়েছে । এ উপলক্ষ্যে র‍্যালী, প্রশিক্ষণ শিবির ছাড়াও জেলা ও ব্লক ভিত্তিক কো-অর্ডিনেশন কমিটির সভা করা হয়। জেলার বিভিন্ন বাজারে ১৪টি মতবিনিময় সভা করা হয়। নো স্মোকিং ডে পালন করা হয় গত ৮ মার্চ। সভায় জিরানীয়া মহকুমা শাসক কার্যালয়ের ডি সি এম ত্রিদিব সরকার আলোচনায় অংশ নিয়ে মহকুমায় তামাক নিয়ন্ত্রণ বিধি কার্যকরে বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন । বিভিন্ন দপ্তরের আধিকারিকগণও এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন ।

গজারিয়া জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া অনুষ্ঠিত

বিশ্রামগঞ্জ, ১২ এপ্রিল ।। খেলাধূলার মাধ্যমে সুস্থ শরীর গঠনের পাশাপাশি সুস্থ মনেরও বিকাশ হয়। তাতে সবার মধ্যে সংহতি চেতনাও গড়ে উঠে । বিশালগড় ব্লকের গজারিয়া জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দিন আহমেদ একথা বলেন । গজারিয়া উচ্চ বিদ্যালয় মাঠে সম্প্রতি আয়োজিত এই প্রতিযোগিতায় কে কে নগর, প্রভুরামপুর ও গজারিয়া গ্রাম পঞ্চায়েত থেকে ২৩০ জন ক্রীড়াবিদ বিভিন্ন ইভেন্টে অংশ নেন। প্রতিযোগিতায় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপু পাল, বি ডি ও রতন ভৌমিক প্রমুখ উপস্থিত ছিলেন।

উত্তর চাম্পামুড়ায় গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

জিরানীয়া, ১২ এপ্রিল ।। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং উত্তর চাম্পামুড়া পঞ্চায়েতের সহযোগিতায় গত ১০ এপ্রিল পুরাতন আগরতলা প্লে সেন্টার মাঠে উত্তর চাম্পামুড়া পঞ্চায়েত ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর উদ্বোধন করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন শূর। সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট পঞ্চায়েতের প্রধান সুভাষ রঞ্জন চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস, ব্লকের বি ডি ও সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনূর্ধ্ব ১১ বছর ছেলে-মেয়েদের মধ্যে কক ফাইট, ১৭ বছর ঊর্ধ্বের মহিলা ও পুরুষদের টেনিস বল নিক্ষেপ, মহিলাদের পাতিল ভাঙ্গা এবং মিউজিক্যাল বল ইত্যাদি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় উদয়পুরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

উদয়পুর, ১২ এপ্রিল ।। প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে কিভাবে মোকাবিলা করতে হবে এ সম্পর্কে প্রস্তুতি সভা গতকাল উদয়পুর মহকুমা শাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। মহকুমা শাসক সুভাশিস বন্দ্যোপাধ্যায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন ব্লকের বি ডি ও সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । বৈঠকে বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ প্রাকৃতিক বিপর্যয়ের সময়ে সংশ্লিষ্ট দপ্তরের ভূমিকা ও প্রস্তুতির বিষয়ে মহকুমা শাসককে অবহিত করেন। মহকুমা শাসক সংশ্লিষ্ট দপ্তরকে এ সংক্রান্ত একটি এ্যাকশন প্ল্যান তৈরী করার জন্য বলেন

This document was created using SmartPDFConverter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com

দশরথবাড়ী ভিলেজে প্রশাসনিক শিবির থেকে পরিকাঠামো উন্নয়নের পরিকল্পনা

সোনামুড়া, ১২ এপ্রিল ।। সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে মোহনভোগ ব্লকের দশরথবাড়ী এ ডি সি ভিলেজে গতকাল প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে ভিলেজের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে ঈশাণ চৌধুরী পাড়া এস বি স্কুলে এলাকাবাসীর সঙ্গে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় । সোনামুড়া মহকুমা শাসক সুমিত লোধ, মোহনভোগ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মীনা সরকার (দাস), ভিলেজ কমিটির চেয়ারম্যান রঙ্গকুমার মুড়াসিং মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন । সভায় পানীয় জল ও সেচের জলের সুযোগ সম্প্রসারণে কি ধরনের উদ্যোগ গ্রহণ করা যায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। স্থানীয় ঝর্ণার জলকে পরিশোধন করে পানের যোগ্য করে তোলার জন্য ডি ডব্লু এস দপ্তরের আধিকারিকদের প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলা হয়।সভায় ঝড়ঝড়িয়া থেকে কলাক্ষেত এবং কলাক্ষেত থেকে বৈরাগীমুড়া রাস্তা দুটি সংস্কার করার প্রস্তাব গ্রহণ করা হয় ।

ঈশাণ চৌধুরী পাড়া এস বি স্কুলে আরও দুইটি শ্রেণী কক্ষ নির্মাণ এবং জলধর চৌধুরী পাড়া এস বি স্কুলের এপ্রোচ রোডে ইট সলিং করার প্রস্তাব নেয়া হয় । ভিলেজের জনপদগুলিতে বিদ্যুৎ সম্প্রসারণের প্রস্তাব গ্রহণ করা হয় । স্বাস্থ্য সচেতনতা ও স্বচ্ছতার উপরও এদিনের সভায় জোর দেয়া হয় । পূর্ত দপ্তরের এস ডি ও জানান, বড়পাথর মসজিদ থেকে তেলকাজলা রাস্তা সংস্কারে দপ্তর থেকে ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নিরানীয়ামুড়া থেকে মৈশানবাড়ী রাস্তার ভাঙ্গন রোধে একটি স্থানে রিটের্নিং ওয়াল দেয়ার জন্য এদিনের মতবিনিময় সভায় প্রস্তাব গ্রহণ করা হয় । বিদ্যুতের কম ভোল্টেজের সমস্যা সমাধানে সংশ্লিষ্ট দপ্তর থেকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলা হয়।মতবিনিময় সভায় প্রাকৃতিক বিপর্যয় প্রতিরোধে বিভিন্ন দপ্তর, স্বেচ্ছাসেবী সংগঠন, জনপ্রতিনিধি ও এলাকাবাসীর করণীয় সম্পর্কে মহকুমা শাসক বিস্তারিত আলোচনা করেন । স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে শিবিরে ৩০ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় অষুধ দেয়া হয় ।

সিঙ্গিছড়ায় সাংস্কৃতিক কর্মশালা

খোয়াই, ১২ এপ্রিল ।। খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে সিঙ্গিছড়া ২নং উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে আয়োজিত ৭দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা গতকাল মধ্য সিঙ্গিছড়া রুদ্রবীনা কমিউনিটি হলে এক অনুষ্ঠানের মাধ্যমে সমাপ্ত হয়েছে । সাংস্কৃতিক কর্মশালার প্রশিক্ষণ প্রাপ্ত ছাত্রছাত্রীরা সমাপ্তি অনুষ্ঠানে রবীন্দ্র নৃত্য, লোকনৃত্য, লোকসঙ্গীত, ধামাইল ইত্যাদি পরিবেশন করে । কর্মশালায় ৬০ জন ছাত্রছাত্রী অংশ গ্রহণ করে । সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব চিত্তরঞ্জন দেব, সঞ্জয় সরকার প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক প্রদীপ কুমার দেবনাথ ।

রাউৎখলায় জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

বিশ্রামগঞ্জ, ১২ এপ্রিল ।। রাজ্যের শান্তি ও সম্প্রীতি রক্ষায় ক্রীড়া সংস্কৃতি বিকাশে গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন রাজ্য সরকারের একটি প্রশংসনীয় উদ্যোগ । গতকাল বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত রাউৎখলা জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দীন আহমেদ এই কথা বলেন । বিশালগড় ব্লকের অন্তর্গত নবীনগর, কড়ইমুড়া, রাউৎখলা ও চন্দ্রনগর এই ৪টি পঞ্চায়েত নিয়ে জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় ৪২৬ জন খেলোয়াড় ফুটবল, ভলিবল, খো-খো, মিউজিক্যাল চেয়ার, পাতিল ভাঙ্গা ইত্যাদি প্রতিযোগিতায় অংশ নেন ।অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন রাউৎখলা পঞ্চায়েতের উপ প্রধান স্বপন দাস, পঞ্চায়েত সদস্য দেবপ্রসাদ ভট্টাচার্য প্রমুখ। সভাপতিত্ব করেন রাউৎখলা পঞ্চায়েতের প্রধান লক্ষ্মীরাণী কর্মকার। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের পুরস্কৃত করা হয় ।

দশরথবাড়ী ভিলেজে দরিদ্র পরিবারকে স্বনির্ভর করতে সহায়তা প্রদান

সোনামুড়া, ১২ এপ্রিল ।। দশরথবাড়ী এ ডি সি ভিলেজের দরিদ্র পরিবারগুলিকে অর্থনৈতিক ভাবে স্বনির্ভর করে তোলার জন্য সংশ্লিষ্ট পঞ্চায়েতের উন্নয়ন তহবিলের বরাদ্দ অর্থে বিভিন্ন প্রকল্পে সহায়তা দেয়া হয়েছে । এই কর্মসূচিতে ১০টি সুবিধাভোগী পরিবারকে ছাগল পালনে মোট ৫৫ হাজার টাকা এবং শূকর পালনের জন্য ১০টি সুবিধাভোগী পরিবারকে ৫৫ হাজার টাকা সহায়তা দেয়া হয়েছে । ক্ষুদ্র ব্যবসা করার জন্য এই ভিলেজের ৭ জন ব্যবসায়ীকে ৭ হাজার টাকা করে মোট ৪৯ হাজার টাকা সহায়তা দেয়া হয়েছে । ৬৭ শতাংশ ভর্তুকীতে ১০ জনকে সেলাই মেশিন ও ৭টি কৃষক পরিবারকে স্প্রে-মেশিন দেয়া হয়েছে । এজন্য মোট ব্যয় হয়েছে ১ লক্ষ ১৯ হাজার ৩০০ টাকা । সংশ্লিষ্ট ভিলেজ কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে ।

১২০ উপজাতি পরিবারকে চা চাষের সাথে যুক্ত করা হয়েছে

আগরতলা, ১২ এপ্রিল ।। বনাধিকার আইনে মান্দাই ব্লকে যেসকল বি পি এল উপজাতি পরিবার জমি পেয়েছে তাদের বিকল্প আয়ের জন্য উপজাতি কল্যাণ দপ্তর থেকে চা বাগিচা করে দেওয়ার উদ্যোগ গ্রহণ করেছে। এই কর্মসূচিতে বিশেষ কেন্দ্রীয় সহায়তা প্রকল্পে গত অর্থ বছর মোট ১২০টি উপজাতি পরিবারকে চা চাষে যুক্ত করা হয়েছে । এর মধ্যে খামতিং বাড়িতে ৪৭টি, দীনকোবরায় ৪৪টি, ভৃগুদাস বাড়িতে ৯টি এবং কাঁথিরাম বাড়িতে ২০টি পরিবারকে এ প্রকল্পে যুক্ত করা হয়েছে । এজন্য প্রতি হেক্টর চা বাগিচা গড়তে ৬৯ হাজার ৩৪২টাকা করে ব্যয় হয়েছে। পশ্চিম জেলা প্রশাসনের উপজাতি কল্যাণ আধিকারিক সুবোধ দেববর্মা এই সংবাদ জানিয়েছেন।

সাব্রুম নগর পঞ্চায়েতে সামাজিক শৌচালয়

সাব্রুম, ১২ এপ্রিল ।। সাব্রুম নগর পঞ্চায়েতের উদ্যোগে সাব্রুম শহরের ৫টি জনবহুল স্থানে সামাজিক শৌচালয় নির্মাণ করা হবে । ইতিমধ্যে সাব্রুম বাজারেও অটোস্ট্যান্ডে বিজ্ঞান সম্মত ২টি শৌচালয় নির্মাণ করা হয়েছে। ব্যয় হয়েছে ৬ লক্ষ ২৪ হাজার ৬০০ টাকা । অন্যদিকে, এস ডি এম অফিসকক্ষে, সাব্রুম মহকুমা হাসপাতাল এবং সাব্রুম মেলার মাঠের নিকটে ৩টি বিজ্ঞান সম্মত সামাজিক শৌচালয় নির্মাণ করা হবে । এই শৌচালয়গুলি নির্মাণে পরিকল্পনা বহির্ভুত তহবিল থেকে ৩৫ লক্ষ ৪৫ হাজার ৬৭ টাকা ব্যয় করা হবে । সাব্রুম নগর পঞ্চায়েত কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে ।

This document was created using SmartPDF converter. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com